

## الْبَاسِطُ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম আসমাউল হুসনার ২২ তম নাম الْبَاسِطُ ‘আল বাছিতু’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘الْبَاسِطُ’ শব্দের মূল ب - س - ط, এই মূল শব্দ থেকে যে সকল শব্দ গঠিত হয়েছে তা পবিত্র কোরআন মাজিদে ২৯ বার এসেছে। সম্প্রসারিত করেন, বিস্তৃত করেন, প্রসারিত করেন, প্রশস্ত করেন, বৃদ্ধি করেন, ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ ‘الْبَاسِطُ’ অর্থ: আল্লাহ ‘যিনি প্রশস্ত করেন’।

পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে:

مَنْ ذَا الَّذِي يُقْرِضُ اللَّهَ قَرْضًا حَسَنًا فَيُضَاعِفَهُ لَهُ أَضْعَافًا كَثِيرَةً وَاللَّهُ يَقْبِضُ وَيَبْسُطُ  
وَإِلَيْهِ تُرْجَعُونَ (২৪০)

সূরা বাকারা ২৪৫ নং আয়াতে -

কে আছে আল্লাহকে কর্জে হাসানা (উত্তম নিঃস্বার্থ ঋণ) প্রদান করবে, তারপর তিনি তা বহুগুণ বৃদ্ধি করে তাকে ফেরত দেবেন? আল্লাহই (কারো অর্থনৈতিক অবস্থা) সংকুচিত ও সম্প্রসারিত করেন এবং তাঁর কাছেই তোমাদের ফিরিয়ে নেয়া হবে।

لَهُ مَقَالِيدُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَشَاءُ وَيَقْدِرُ إِنَّهُ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ  
(১২)

সূরা আশ শূরা ১২ নং আয়াতে -

মহাবিশ্ব এবং এই পৃথিবীর (সমস্ত সম্পদ ভান্ডারের) চাবিকাঠি তাঁরই হাতে। তিনি যাকে ইচ্ছা জীবিকা প্রশস্ত করে দেন, আর সীমাবদ্ধ করে দেন (যাকে ইচ্ছা)। (কারণ) সকল বিষয়ে তিনি সর্বজ্ঞানী।

وَلَوْ بَسَطَ اللَّهُ الرِّزْقَ لِعِبَادِهِ لَبَغَوْا فِي الْأَرْضِ وَلَكِنْ نُنزِّلُ بَقْدَرٍ مَّا يَشَاءُ إِنَّهُ بِعِبَادِهِ  
خَبِيرٌ بَصِيرٌ ﴿٢٧﴾

### সূরা আশ শূরা ২৭ নং আয়াতে -

আল্লাহ যদি তাঁর সব বান্দাকেই অঢেল সম্পদ সামগ্রী দান করতেন, তবে অবশ্যই তারা পৃথিবীতে বিদ্রোহ বাড়াবাড়িতে লিপ্ত হতো। বরং তিনি একটি পরিমাণ মতো নাযিল করেন- যা তিনি চান। নিজ বান্দাদের প্রতি তিনি পূর্ণ সতর্ক ও দৃষ্টিবান।

### বুখারী শরীফের হাদিস-

আবু হোরাইরা রা: বর্ণনা করেন- আল্লাহর ৯৯ নাম রয়েছে। ১০০ বাদ ১ অর্থাৎ ৯৯, যে এগুলোর অর্থে বিশ্বাস করবে এবং সে অনুযায়ী আমল করবে, তাহলে সে জান্নাতে প্রবেশ করবে। আল্লাহ বেজোড় (অর্থাৎ এক ও একক) তিনি বেজোড় (সংখ্যা) ভালোবাসেন।

আল্লাহ আমাদেরকে আল্লাহর ৯৯ নাম বুঝবার এবং সেই অনুযায়ী আমল করবার তৌফিক দান করুন। আল্লাহর ৯৯ টি নামের কোন একটি নামের সাথেও যেনো আমরা শিরক না করি। কারণ শিরকের গুনাহ আল্লাহ মাফ করবেন না।

আসুন, শিরকমুক্ত জীবন যাপন করার জন্য মহান রাব্বুল আলামিনের কাছে আমরা সাহায্য প্রার্থনা করি।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবরাকাতুহু।